

নং-৪০.০০.০০০০.০২০.১১.০১৩.১৬-১৯৩

তারিখঃ ২-০৪-২০১৭ খ্রিঃ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ৯-১১-২০১৬ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২০৮৪.১৬-২১১ নং পত্রের মাধ্যমে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীকে বর্ণিত শর্তাধীনে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর নবম গ্রেডভুক্ত ২২০০০-৫৩০৬০/=টাকা বেতন স্কেলে বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ অস্থায়ীভিত্তিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের 'মেডিকেল অফিসার' (১ম শ্রেণি) নন-ক্যাডার পদে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্র/নং	নাম ও পদবী	জন্ম তারিখ	নিজ জেলা
১.	মুহাম্মদ শালেকুল আল নাহিয়ান মেডিকেল অফিসার	০৮-০৪-১৯৮৭	কুষ্টিয়া

চাকরির শর্তসমূহঃ

- এই পদে যোগদানের তারিখ থেকে পরবর্তী দুই বৎসর তীর চাকুরী শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। সরকার প্রয়োজন মনে করলে তীর এই শিক্ষানবিশকাল সর্বোচ্চ আরও দুই বৎসর বৃদ্ধি করতে পারবেন;
- যদি এই শিক্ষানবিশকালে তীর আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বলে বিবেচিত না হয়, সেক্ষেত্রে কোন কারণ দর্শানো ছাড়াই তাকে চাকুরী হতে অপসারণ করা হবে;
- এই পদের জন্য সরকার কর্তৃক বিভিন্ন সময়ে আয়োজিত যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদিতে উত্তীর্ণ হওয়ার পর যদি শিক্ষানবিশকাল সন্তোষজনক বলে প্রতীয়মান হয় সেক্ষেত্রে তীর চাকুরী স্থায়ী করা হবে;
- এই পদে নির্দিষ্টভাবে উল্লেখ হয়নি এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত সরকারের অন্যান্য বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তীর চাকুরি নিয়ন্ত্রিত হবে মর্মে গণ্য করতে হবে;
- এ প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ১(এক) মাসের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থী যোগদানে ইচ্ছুক নন মর্মে গণ্য করা হবে এবং তীর নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;
- নবনিয়োগ প্রাপ্ত "মেডিকেল অফিসার" নির্ধারিত সময়ের মধ্যে শ্রম পরিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকায় তীর যোগদানপত্র জমা দেবেন।
- মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশকৃত প্রার্থীর পিতার অনুকূলে প্রাপ্ত মুক্তিযোদ্ধা সনদপত্র পরবর্তী পর্যায়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যাচাই-বাছাই কার্যক্রমে ভুল প্রমাণিত হলে প্রার্থী চাকুরি হতে তাৎক্ষণিকভাবে অব্যাহতি প্রাপ্ত বলে গণ্য হবেন এবং গৃহীত সকল আর্থিক সুবিধা ফেরত প্রদান করতে বাধ্য থাকবেন। পাশাপাশি তিনি তার পিতার নামের পার্থক্য নিরসনের জন্য গেজেট সংশোধন পূর্বক ইহার কপি নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

(দিল আফরোজা বেগম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭১৪০

section10@mole.gov.bd

(চলমান পাতা/২)

নং-৪০.০০.০০০০.০২০.১১.০১৩.১৬-১৯৩(১)/৯

তারিখঃ ২-৪-২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ২। শ্রম পরিচালক, শ্রম পরিদপ্তর, ৪ রাজউক এভিনিউ ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। মুহাম্মদ শালেকুল আল নাহিয়ান, পিতা-মোঃ তাইজুল ইসলাম
স্থায়ী ঠিকানাঃ গ্রাম+ডাকঘর-মৌবাড়িয়া, থানা-দৌলতপুর, জেলা-কুষ্টিয়া।
বর্তমান ঠিকানাঃ রোড নং-০২, ব্লক-বি, বাড়ী নং-০৯, পল্লবী, মিরপুর, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। গার্ড ফাইল/অফিস কপি।

৪/৪/২০১৭
(দিল আফরোজা বেগম)
সিনিয়র সহকারী সচিব